ভোরের কাগজ

তারিখ ... JAN. 5 . 1999. ...
পৃষ্ঠা 2 কলাম ... 2 ...

582

নেতৃবৃন্দের মুক্তিদাবি

# ঢাবি উপাচার্যের কাছে ছাত্রদলের স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল সোমবার সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের মুক্তির দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করেছে। উপাচার্য এ ব্যাপারে তাদের সহযোগিতা করার আশ্বাস দেন।

স্মারকলিপি পেশ করার আগে ক্যাম্পাসে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, আওয়ামী সরকার বিরোধী ছাত্র সংগঠনের নেতাদের বিনা অপরাধে আটক করে রেখেছে। নেতৃবৃন্দ বলেন, ছাত্রলীগের সোনার ছেলেদের অত্যাচারে দেশবাসী আজ অতিষ্ঠ।

মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তব্য রাখেন মঞ্জুর-এ-এলাহী, মুন্সী বজলুল বাসিত আঞ্জু, এ বি এম মোশারেফ হোসেন, মনোয়ার হোসেন রানা প্রমুখ।